

## সিটিজেন চার্টার

**ভূমিকাঃ** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহকে কারিগরী সহায়তা প্রদান, পল্লী ও শহরাঞ্চলের অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণসহ ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়নের মাধ্যমে দেশের আর্থসামাজিক অবস্থার উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। একটা সময় ছিল যখন বাংলাদেশে গ্রামীণ এলাকার যোগাযোগ অবকাঠামো ছিল অত্যন্ত নাজুক। আজ এলজিইডির মাধ্যমে ব্যাপক উন্নয়ন কর্মকান্ডের মাধ্যমে দেশের সর্বত্র গ্রামীণ যোগাযোগের ক্ষেত্রে এক বৈপ্লবিক পরিবর্তন এসেছে। আজ গ্রামের উৎপাদিত ফসল বাজারজাত করণ ও পরিবহন সুবিধা বৃদ্ধি পেয়ে কৃষকদের উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্যে প্রাপ্তি নিশ্চিত হচ্ছে। এছাড়াও পরিবেশের ভারসাম্য সংরক্ষণ ও দারিদ্র বিমোচনের লক্ষ্যে সরকারের জাতীয় কর্মসূচি বাস্তবায়নে ও এলজিইডি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থয়নে ও উন্নয়ন সহযোগী সংস্থার সহায়তায় এলজিইডি বিভিন্ন প্রকল্প ও কর্মসূচি বাস্তবায়ন করছে।

সিটিজেন চার্টার হল জনগণের সেবা পাওয়ার অধিকারের লিখিত সনদ। এর মাধ্যমে জনসাধারণের আশা আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটিয়ে বিদ্যমান সেবাসমূহের মান উন্নয়নের সুযোগ সৃষ্টি হয়। সিটিজেন চার্টারের মাধ্যমে সেবা গ্রহনকারীদের যথাসময়ে সেবা প্রদান নিশ্চিত করা হয়। সেবাপ্রদানকারী কর্তৃপক্ষের কর্মকান্ডের স্বচ্ছতা, জবাবদিহিতা ও প্রশাসনের গতিশীলতা বৃদ্ধি পায়। সিটিজেন চার্টারের মাধ্যমে সেবাগ্রহণকারী ও প্রদানকারীর মধ্যে পারস্পরিক আস্থা বৃদ্ধি পায়।

### সেবা কার্যক্রম

সেবার নাম	সেবা গ্রহণকারী	সেবা প্রদানের পদ্ধতি
গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ	উপকারভোগী জনগণ/স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহ	উপজেলার অন্তর্গত সকল উপজেলা ও ইউনিয়ন সড়কের বাস্তব অবস্থা, যানবাহন চলাচলের সংখ্যা এবং সড়কের সেতু/কালভার্ট এর অবস্থা পর্যবেক্ষণ করে উপজেলা ডাটাবেজ হালনাগাদ করে উপজেলা প্রকৌশলী জেলার নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে প্রেরণ করবে। নির্বাহী প্রকৌশলী তার আওতাধীন সকল উপজেলার ডাটাবেজ হালনাগাদ করে আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলীর অফিসে প্রেরণ করবে। সদর দপ্তর রক্ষণাবেক্ষণ ইউনিট প্রাপ্ত হালনাগাদ ডাটাবেজের আলোকে সফটওয়্যারের সাহায্যে জেলাওয়ারী রক্ষণাবেক্ষণ চাহিদা নিরূপণ করবে এবং সাথে সাথে প্রাথমিক স্কীম তালিকা প্রণয়ন করবে। সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলীর প্রাথমিক স্কীমগুলি উপজেলা প্রকৌশলীর মাধ্যমে সরেজমিনে যাচাই-বাছাই করে সম্ভাব্য প্রাক্কলন প্রণয়ন করবে। জেলা রক্ষণাবেক্ষণ কমিটি জেলার বার্ষিক বরাদ্দকৃত বাজেট অনুযায়ী স্কীম তালিকা চূড়ান্তকরতঃ বার্ষিক ক্রয় পরিকল্পনাতে (Annual Procurement Plan) অন্তর্ভুক্ত করে অনুমোদনের জন্য আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নিকট প্রেরণ করবে-যা যাচাই বাছাই শেষে

		অনুমোদনের পর সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী দরপত্র আহবান করে রক্ষণাবেক্ষণ নির্দেশিকার আলোকে রক্ষণাবেক্ষণ কাজ বাস্তবায়ন করবে।
বিজ্ঞাপন বা দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ।	ঠিকাদার/সরবরাহকারী/পরামর্শক/ আগ্রহী দরপত্রদাতা প্রতিষ্ঠান	পিপিআর-২০০৮ এর বিধি অনুযায়ী দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়ে থাকে।
প্রাক-দরপত্র সভা আহবান	-ঐ-	দরপত্রদাতাগণের দরপত্র দলিল বা দরপত্র সংশ্লিষ্ট কোন প্রশ্ন বা ব্যখ্যা প্রদানের লক্ষ্যে প্রাগ-দরপত্র সভা আহবান করা হয়ে থাকে। উক্ত সভার কার্যবিবরণী দরপত্র ক্রয়কারী সকল দরপত্র দাতাদের নিকট প্রদান করা হয়ে থাকে।
দরপত্র সংক্রান্ত অভিযোগ দাখিল ও নিষ্পত্তিকরণ	-ঐ-	পিপিআর-২০০৮ এর বিধির আলোকে অভিযোগ গ্রহণ এবং নিষ্পত্তিকরণের ব্যবস্থাকরার হয়।
এলজিইডি'র সড়ক কাটার অনুমতিপত্র।	সরকারী বা বেসরকারী বা স্বায়ত্বশাসিত সংস্থা অথবা স্থানীয় সরকার প্রতিষ্ঠান বা আগ্রহী ব্যক্তি	অপরিহার্য নাগরিক সেবা প্রদানের লক্ষ্যে এলজিইডি'র সড়ক কাটার আবশ্যিকতা দেখা দিলে সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলীর নিকট আগ্রহী প্রতিষ্ঠান বা ব্যক্তি আবেদন করবেন। উক্ত আবেদন পাওয়ার পর সরেজমিনে যাচাইকরতঃ ক্ষতিপূরন ফি নির্ধারণ করে সংশ্লিষ্ট আবেদকারীকে অবহিত করা হবে। ক্ষতিপূরন ফি জমা দেয়ার পর রাস্তা কাটার অনুমতি দেয়া হয়।
জিআইএস ম্যাপ সরবরাহ।	সরকারী/বে-সরকারী সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান।	উন্নয়ন মূলক কর্মকান্ডের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের সুবিধার্থে অনুমোদিত ফি তালিকা অনুযায়ী ফি প্রদান করলে জেলা ও উপজেলা ম্যাপ সরবরাহ করা হয়ে থাকে।
কৃষি কাজে ভূ-উপরিষ্কৃদ্ধকার পানি সম্পদ ও টেকসই ব্যবস্থাপনার ক্ষেত্রে বিভিন্ন সমস্যার সমাধান।	স্থানীয় স্বার্থসংশ্লিষ্ট জনগণ/ইউনিয়ন পরিষদ	গ্রামীণ এলাকায় অনুর্ধ্ব ১০০০ হেক্টর বা ২৫০০ একর জমিতে কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পানি সংক্রান্ত যে কোন সমস্যা যেমন সেচ এলাকা বৃদ্ধি, পানি সংরক্ষণ, বন্যা ব্যবস্থাপনা ও জলাবদ্ধতা দূরীকরণের জন্য স্বার্থসংশ্লিষ্ট জনগণ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের মাধ্যমে অথবা সরাসরি এলজিইডি'র উপজেলা প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী/প্রকল্প পরিচালক এর নিকট আবেদন করতে পারেন। আবেদনের ৬ মাসের মধ্যে প্রকল্পটি বাস্তবায়নযোগ্য কিনা সে ব্যাপারে অবহিত হবেন। বাস্তবায়নযোগ্য হলে দেড় থেকে দুই বছরের মধ্যে প্রকল্পের সুফল পাবেন।
তথ্য অধিকার আইনের আলোকে এলজিইডি'র কর্মকান্ড সম্পর্কে তথ্য প্রদান।	আইনানুগভাবে যোগ্য আবেদনকারী	কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে তথ্য অধিকার আইনের আলোকে প্রকাশযোগ্য তথ্য প্রদান করা হয়ে থাকে।

## কী সেবা কীভাবে পাবেন

- ০১। অত্র সদর উপজেলাধীন উপজেলা ম্যাপ পাওয়া যাবে।
- ০২। অত্র উপজেলার **Basic Information of Road** পাওয়া যাবে।
- ০৩। অত্র সদর উপজেলাধীন চলমান সকল উন্নয়নমূলক কাজের বিষয়ে প্রয়োজনীয় তথ্য পাওয়া যাবে।
- ০৪। অত্র সদর উপজেলাধীন প্রাথমিক বিদ্যালয়ের অবকাঠামো সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য পাওয়া যাবে।
- ০৫। অত্র সদর উপজেলাধীন সকল ইউনিয়ন পরিষদ ভবন সংক্রান্ত তথ্য পাওয়া যাবে।
- ০৬। অত্র সদর উপজেলাধীন বাস্তবায়িত সেচ প্রকল্প সংক্রান্ত তথ্য পাওয়া যাবে।
- ০৭। অত্র সদর উপজেলাধীন এলজিইডি কর্তৃক বাস্তবায়িত গ্রোথসেন্টার ও হাট বাজারের তথ্য পাওয়া যাবে।
- ০৮। নতুন কোন উন্নয়ন মূলক কাজ/পুনঃনির্মাণ কাজ/মেরামত কাজ বাস্তবায়ন সংক্রান্ত নিয়মাবলী সম্পর্কে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা সংক্রান্ত তথ্য পাওয়া যাবে।

## সদর উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নারায়ণগঞ্জ এর দপ্তরে অনলাইনে প্রাপ্ত সেবা সমূহ নিম্নরূপঃ

- ০১। e-GP পদ্ধতিতে দরপত্র আহ্বান।
- ০২। ([www.lged.gov.bd](http://www.lged.gov.bd)) এলজিইডি এর ওয়েব সাইটে জেলা ও উপজেলা সমূহের ডিজিটাল ম্যাপ পাওয়া যায়।
- ০৩। এলজিইডি এর ওয়েব সাইটে এলজিইডির বিভিন্ন ইউনিটের তথ্য, এলজিইডির কর্মকর্তা যেমন গ্রামীণ উন্নয়ন, পানি সম্পদ উন্নয়ন ও নগর উন্নয়ন সম্পর্কে প্রয়োজনীয় তথ্য পাওয়া যায়।
- ০৪। ওয়েব সাইটে এলজিইডির সকল সড়ক, সেতু, কালভার্ট, গ্রোথসেন্টার ও ইউনিয়ন কমপ্লেক্স এর তথ্য পাওয়া যায়।
- ০৫। CPTU এর ওয়েব সাইটে ১ কোটি টাকার উর্ধ্বের কাজের দরপত্র বিজ্ঞপ্তি ও চুক্তির তথ্য পাওয়া যায়।
- ০৬। এলজিইডির সংশ্লিষ্ট অফিস সমূহের মধ্যে চিঠি ও অন্যান্য ডকুমেন্টস অন লাইনের মাধ্যমে আদান প্রদান করা হয়ে থাকে।
- ০৭। এলজিইডির ওয়েব সাইটে সকল কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য পাওয়া যায়।